# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখ: ০১.১১.২০২৫

প্রেস রিলিজ

## পাবিপ্রবির হিট প্রজেক্টের উদ্বোধনী অনুষ্ঠান

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাপ্ত হিট প্রজেক্টের উদ্বোধনী অনুষ্ঠান আজ শনিবার ১ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল ক্লাসরুমে সম্পন্ন হয়। এতে অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। আরও অতিথি ছিলেন ব্যবসায় অধ্যয়ন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাসিবুর রহমান এবং ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামরুজ্জামান।

সভাপতিত্ব করেন ব্যবসা প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মাসুদ রানা। তাঁর নেতৃত্বে পাবিপ্রবি প্রথমবারের মতো হিট প্রজেক্ট পায়।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, ‘প্রজেক্ট পাওয়া একটি চ্যালেঞ্জ, এটি ভালোভাবে সম্পন্ন করা আরও চ্যালেঞ্জ। আরও প্রজেক্ট পাওয়ার জন্য কাজ করতে হবে। আমাদের পারতে হবে এবং সুযোগকে কাজে লাগাতে হবে। কাজের মাধ্যমে প্রমাণ করতে হবে, আমরাও পারি। সময় নিয়ে প্রস্তুতি নিতে হবে। সফল হতে হবে। বেশি প্রজেক্ট সাবমিট করতে করতে এবং এখন থেকেই কাজ শুরু করতে হবে।’

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, ‘এখান থেকে আমাদের যাত্রা শুরু হলো। অন্যান্য প্রজেক্টও যাতে পাই, সেদিকে কাজ করতে হবে। পরিবেশ পরিবর্তন করতে চাই। নিজের তাগিদ থেকেই পাবলিকেশন ও প্রজেক্ট লিখতে হবে। আমরা সকল ধরনের সহযোগিতা করব।’

অনুষ্ঠানে ব্যবসায় প্রশাসন এবং ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী ও অন্যান্য বিভাগের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

০১.১১.২০২৫

(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।